قال الشامى: (قَوْلُهُ: أَيْ إلَى طَاعَتِهِ) أَشَارَ إلَى أَنَّهُ عَلَى تَقْدِيرِ مُضَافٍ (قَوْلُهُ: وَكَشَفَ شُبْهَتَهُمْ اسْتِحْبَابًا) أَيْ بِأَنْ يَسْأَلَهُمْ عَنْ سَبَبِ خُرُوجِهِمْ، فَإِنْ كَانَ لِظُلْمٍ مِنْهُ أَزَالَهُ، وَإِنْ لِدَعْوَى أَنَّ الْحَقَّ مَعَهُمْ وَالْوِلَايَةَ لَهُمْ فَهُمْ بُغَاةٌ فَلَوْ قَاتَلَهُمْ بِلَا دَعْوَةٍ جَازَ؛ لِأَنَّهُمْ عَلِمُوا مَا يُقَاتِلُونَ عَلَيْهِ كَالْمُرْتَدِّينَ وَأَهْلِ الْحَرْبِ بَعْدَ بُلُوغِ الدَّعْوَةِ بَحْرٌ (قَوْلُهُ: فَإِنْ تَحَيَّزُوا مُجْتَمِعِينَ) أَيْ مَالُوا إلَى جِهَةٍ مُجْتَمِعِينَ فِيهَا أَوْ إلَى جَمَاعَةٍ، وَهَذَا فِي مَعْنَى قَوْلِهِ وَغَلَبُوا عَلَى بَلَدٍ فَكَانَ أَحَدُهُمَا يُغْنِي عَنْ الْآخَرِ عَلَى مَا قُلْنَا (قَوْلُهُ: حَلَّ لَنَا قِتَالُهُمْ بَدْءًا) هَذَا اخْتِيَارٌ لِمَا نَقَلَهُ خُوَاهَرْ زَادَهْ عَنْ أَصْحَابِنَا أَنَّا نَبْدَؤُهُمْ قَبْلَ أَنْ يَبْدَؤُنَا؛ لِأَنَّهُ لَوْ انْتَظَرَ حَقِيقَةَ قِتَالِهِمْ رُبَّمَا لَا يُمْكِنُهُ الدَّفْعُ، فَيُدَارُ عَلَى الدَّلِيلِ

মাসআলা:-২৩৪

শাসক যদি বিদ্রোহীদের ব্যাপারে জানতে পারে যে, তারা গোপনে অস্ত্র সংগ্রহ করছে, সংগঠিত হচ্ছে এবং যুদ্ধের প্রস্তুতি নিচ্ছে, তাহলে তাদেরকে সংগঠিত হওয়ার সুযোগ না দিয়ে, যাকে যেখানে পাবে সেখান থেকে তাকে গ্রেফতার করে বন্দী করে রাখবে। যাতে তারা ফেতনা-ফাসাদ সৃষ্টি করার সুযোগ না পায়। যতদিন না তারা তাওবা করে শাসকের আনুগাত্যে ফিরে আসে, ততদিন তাদেরকে বন্দী করে রাখবে। [২২০]

মাসআলা:-২৩৫

শরীয়ত স্বীকৃত শাসক বিদ্রোহীদের বিরুদ্ধে অভিযান করার জন্য যদি নিয়মিত সশস্ত্র ফৌজ ব্যতীত জনসাধারণের মধ্য থেকেও কাউকে আহ্বান জানায়, তাহলে শরঈ কোনো ওজর না থাকলে, তার জন্য শাসকের আহ্বানে সাড়া দিয়ে অভিযানে শরীক হওয়া ফরজ হয়ে যাবে। কারণ, শাসকের বৈধ আদেশ মান্য করা ফরজ। [২২১]

মাসআলা:-২৩৬

বিদ্রোহী গোষ্ঠি যদি শাসক পক্ষের সাথে যুদ্ধবিরতি চুক্তি করতে চায়। আর যুদ্ধ বিরতি চুক্তিই যদি মুসলিমদের জন্য সামগ্রিকভাবে কল্যাণকর হয়ে থাকে, তাহলে তাদের সাথে যুদ্ধ বিরতি চুক্তি করতে কোনো বাঁধা নেই। তবে তাদের

ضَرُورَةَ دَفْعِ شَرِّهِمْ. وَنَقَلَ الْقُدُورِيُّ أَنَّهُ لَا يَبْدَؤُهُمْ حَتَّى يَبْدَؤُهُ. وَظَاهِرُ كَلَامِهِمْ أَنَّ الْمَذْهَبَ الْأَوَّلُ بَحْرٌ، وَلَوْ انْدَفَعَ شَرُّهُمْ بِأَهْوَنَ مِنْ الْقَتْلِ وَجَبَ بِقَدْرِ مَا يَنْدَفِعُ بِهِ شَرُّهُمْ زَيْلَعِيٌّ.

[২২০]. **قال فى البدائع:** إنْ عَلِمَ الْإِمَامُ أَنَّ الْخَوَارِجَ يُشْهِرُونَ السِّلَاحَ وَيَتَأَهَّبُونَ لِلْقِتَالِ ، فَيَنْبَغِي لَهُ أَنْ يَأْخُذَهُمْ وَيَحْبِسَهُمْ حَتَّى يُقْلِعُوا عَنْ ذَلِكَ ، وَيُحْدِثُوا تَوْبَةً ؛ لِأَنَّهُ لَوْ تَرَكَهُمْ لَسَعَوْا فِي الْأَرْضِ بِالْفَسَادِ ، فَيَأْخُذُهُمْ عَلَى أَيْدِيهِمْ.

[২২১]. **قال فى الدائع:** وَيَجِبُ عَلَى كُلِّ مَنْ دَعَاهُ الْإِمَامُ إلَى قِتَالِهِمْ أَنْ يُجِيبَهُ إلَى ذَلِكَ وَلَا يَسَعُهُ التَّخَلُّفُ إذَا كَانَ عِنْدَهُ غِنًى وَقُدْرَةٌ ؛ لِأَنَّ طَاعَةَ الْإِمَامِ فِيمَا لَيْسَ بِمَعْصِيَةٍ فَرْضٌ ، فَكَيْفَ فِيمَا هُوَ طَاعَةٌ ؟

থেকে কোনো অর্থ গ্রহণের বিনিময়ে চুক্তি করা যাবে না। আর যুদ্ধ বিরতি চুক্তি কল্যাণকর মনে না হলে চুক্তিও করা যাবে না। [২২২]

মাসআলা:-২৩৭

বিদ্রোহীদের সাথে যুদ্ধবিরতি চুক্তি করার সময় যদি প্রত্যেক পক্ষ অপর পক্ষের কাছে নিজেদের কিছু লোককে রেহেন/বন্ধক স্বরূপ রাখতে চায় (চুক্তি মজবুত করার জন্য) তাতে কোনো অসুবিধা নেই। কখনো যদি বিদ্রোহী পক্ষ তাদের জিম্মায় থাকা আমাদের লোকদের হত্যা করে ফেলে, তাহলে আমাদের জন্য তাদের লোকদের হত্যা করা বৈধ হবে না। চুক্তির শর্তে যদি এ কথা উল্লেখও থাকে যে, এক পক্ষ চুক্তি ভঙ্গ করলে অপর পক্ষ নিজেদের জিম্মায় থাকা তাদের লোককে হত্যা করতে পারবে, তথাপি আমাদের জিম্মায় থাকা তাদের লোকদেরকে আমরা হত্যা করতে পারব না। কারণ, একজনের অন্যায়ের কারণে আরেকজনকে হত্যা করা বৈধ নয়। তবে তাদেরকে বন্দী করে রেখে দিবে। [২২৩]

মাসআলা:-২৩৮

যুদ্ধে উপস্থিত বিদ্রোহী সেনাসদস্য ব্যতীত বিদ্রোহীদের যদি আরো এমন কোনো দল বা গোষ্ঠি থাকে, যাদের কাছে আশ্রয় নিয়ে তারা পুনরায় যুদ্ধের শক্তি অর্জনে সক্ষম, তাহলে যুদ্ধে তারা হেরে যাওয়ার পর তাদের পলায়নরত সৈনিকদের পিছু ধাওয়া করে তাদের হত্যা কিংবা বন্দী করা হবে। আর তাদের আহতদের হত্যা করে ফেলা হবে। তাদের বন্দীদের ব্যাপারে মুসলিম শাসক হত্যা ও বন্দী

---

[২২২]. **قال فى الدر:** (وَلَوْ طَلَبُوا الْمُوَادَعَةَ أُجِيبُوا) إلَيْهَا (إنْ خَيْرًا لِلْمُسْلِمِينَ) كَمَا فِي أَهْلِ الْحَرْبِ (وَإِلَّا لَا) يُجَابُوا بَحْرٌ (وَلَا يُؤْخَذُ مِنْهُمْ شَيْءٌ)، قال الشامى: (قَوْلُهُ وَلَوْ طَلَبُوا الْمُوَادَعَةَ) أَيْ الصُّلْحَ مِنْ تَرْكِ قِتَالِهِمْ ط (قَوْلُهُ: وَلَا يُؤْخَذُ مِنْهُمْ شَيْءٌ) أَيْ عَلَى الْمُوَادَعَةِ؛ لِأَنَّهُمْ مُسْلِمُونَ وَمِثْلُهُ فِي الْمُرْتَدِّينَ فَتْحٌ.

[২২৩]. . **قال فى الدر:** فَلَوْ أَخَذْنَا مِنْهُمْ رُهُونًا وَأَخَذُوا مِنَّا رُهُونًا، ثُمَّ غَدَرُوا بِنَا وَقَتَلُوا رُهُونَنَا لَا نَقْتُلُ رُهُونَهُمْ وَلَكِنَّهُمْ يُحْبَسُونَ إلَى أَنْ يَهْلِكَ أَهْلُ الْبَغْيِ أَوْ يَتُوبُوا، قال الشامى: (قَوْلُهُ: لَا نَقْتُلُ رُهُونَهُمْ) أَيْ وَإِنْ وَقَعَ الشَّرْطُ عَلَى أَنَّ أَيُّهُمَا غَدَرَ يَقْتُلُ الْآخَرُونَ الرَّهْنَ؛ لِأَنَّهُمْ صَارُوا آمِنِينَ بِالْمُوَادَعَةِ أَوْ بِإِعْطَاءِ الْأَمَانِ لَهُمْ حِينَ أَخَذْنَاهُمْ رَهْنًا وَالْغَدْرُ مِنْ غَيْرِهِمْ لَا يُؤَاخَذُونَ بِهِ، وَالشَّرْطُ بَاطِلٌ، وَتَمَامُهُ فِي الْفَتْحِ

করে রাখার মধ্য থেকে যেটা বেশি কল্যাণকর মনে করবেন, সেটাই করার ইখতিয়ার রাখবেন। [২২৪]

মাসআলা:-২৩৯

রণাঙ্গন থেকে পালিয়ে গিয়ে আশ্রয় নিয়ে শক্তি অর্জন করে পুনরায় যুদ্ধে ফিরে আসার মত কোনো দল বা গোষ্ঠি যদি বিদ্রোহী বাহিনীর পিছনে না থাকে, তাহলে তারা যুদ্ধে পরাজিত হলে, তাদের পলায়নরত সৈনিকদের পিছু ধাওয়া করা যাবে না এবং তাদের আহত সৈনিকদেরকে হত্যা করা যাবে না। আর তাদের বন্দীদেরকেও কতল করা যাবে না। [২২৫]

মাসআলা:-২৪০

কাফেরদের বিরুদ্ধে যুদ্ধের সময় যেমন হালকা-ভারি সব রকম অস্ত্র ব্যবহার করা যায়, বিদ্রোহীদের বিরুদ্ধে যুদ্ধের সময়ও হালকা-ভারি সবরকম অস্ত্র ব্যবহার করা যাবে। এমনিভাবে কাফেরদের বিরুদ্ধে অভিযানের সময় তাদের নারী, শিশু এবং অতিশয় বৃদ্ধ ব্যক্তিদেরকে যেমন হত্যা করা যায় না, ঠিক তেমনি বিদ্রোহীদের বিরুদ্ধে যুদ্ধের সময়ও তাদের নারী, শিশু এবং অতিশয় বৃদ্ধদেরকে ইচ্ছাকৃত হত্যা করা যাবে না। তবে এদের কেউ যদি সরাসরি যুদ্ধে জড়িয়ে পড়ে কিংবা যুদ্ধের ব্যাপারে বুদ্ধি-পরামর্শ দেয়, তাহলে তাকে হত্যা করা বৈধ। [২২৬]

মাসআলা:-২৪১

---

[২২৪]. **قال فى البدائع:** الْإِمَامُ إذَا قَاتَلَ أَهْلَ الْبَغْيِ فَهَزَمَهُمْ وَوَلَّوْا مُدْبِرِينَ ، فَإِنْ كَانَتْ لَهُمْ فِئَةٌ يَنْحَازُونَ إلَيْهَا ، فَيَنْبَغِي لِأَهْلِ الْعَدْلِ أَنْ يَقْتُلُوا مُدْبِرَهُمْ وَيُجْهِزُوا عَلَى جَرِيحِهِمْ لِئَلَّا يَتَحَيَّزُوا إلَى الْفِئَةِ فَيَمْتَنِعُوا بِهَا فَيَكُرُّوا عَلَى أَهْلِ الْعَدْلِ وَأَمَّا أَسِيرُهُمْ فَإِنْ شَاءَ الْإِمَامُ قَتَلَهُ اسْتِئْصَالًا لِشَأْفَتِهِمْ ، وَإِنْ شَاءَ حَبَسَهُ لِانْدِفَاعِ شَرِّهِ بِالْأَسْرِ وَالْحَبْسِ ،

[২২৫]. **قال فى البدائع:** وَإِنْ لَمْ يَكُنْ لَهُمْ فِئَةٌ يَتَحَيَّزُونَ إلَيْهَا لَمْ يَتْبَعْ مُدْبِرَهُمْ ، وَلَمْ يُجْهِزْ عَلَى جَرِيحِهِمْ وَلَمْ يَقْتُلْ أَسِيرَهُمْ ؛ لِوُقُوعِ الْأَمْنِ عَنْ شَرِّهِمْ عِنْدَ انْعِدَامِ الْفِئَةِ .

[২২৬]. **قال فى الدر:** (وَنُقَاتِلُهُمْ بِالْمَنْجَنِيقِ وَالْإِغْرَاقِ وَغَيْرِ ذَلِكَ كَأَهْلِ الْحَرْبِ وَمَا لَا يَجُوزُ قَتْلُهُ مِنْ أَهْلِ الْحَرْبِ) كَنِسَاءٍ وَشُيُوخٍ (لَا يَجُوزُ قَتْلُهُ مِنْهُمْ) مَا لَمْ يُقَاتِلُوا،

বিদ্রোহীদের বিরুদ্ধে যুদ্ধের ময়দানে কেউ যদি তার নিকটাত্মীয় (পিতা, পুত্র, পিতামহ, ভাই, চাচা এরূপ) কাউকে শত্রুসারিতে পায়, তাহলে তার জন্য আগবাড়িয়ে তাকে হত্যা করা মাকরূহ। তবে নিকটাত্মীয় যদি তার উপর আক্রমণ চালায় এবং হত্যা করা ব্যতীত তাকে নিবৃত্ত করা সম্ভব না হয়, তাহলে তাকে হত্যা করতে কোনো দোষ নেই।[২২৭]

মাসআলা:-২৪২

বিদ্রোহী গোষ্ঠি পরাজিত হওয়ার পর তাদের নারী-শিশুদেরকে বন্দী করা যাবে না। কারণ, তারা মুসলিম হওয়ায় গোলাম-বান্দী হওয়ার উপযুক্ত নয়।[২২৮]

মাসআলা:-২৪৩

বিদ্রোহীদের যেসব ধন-সম্পদ এবং অস্ত্র-শস্ত্র আমাদের হস্তগত হবে, তার মধ্য থেকে শুধু ঘোড়া ও অস্ত্র তাদের বিরুদ্ধে যুদ্ধে ব্যবহার করা যাবে। তাছাড়া, নগদ অর্থ, সোনা-রূপা এবং ঘরের যাবতীয় আসবাবপত্র থেকে কেউ কোনো কিছু ব্যবহার করতে পারবে না এবং নিতেও পারবে না। বরং তাদের যাবতীয় সম্পদ মুসলিম শাসক জব্দ করে নিজ হেফাজতে রাখবে। যখন তারা তাওবা করে বিদ্রোহ পরিহার করবে এবং মুসলিম শাসকের আনুগত্য মেনে নিবে, তখন তাদেরকে তাদের সম্পদ ফিরিয়ে দিবে।[২২৯]

---

[২২৭]. **قال فى الدر:** وَلَا يَقْتُلُ عَادِلٌ مَحْرَمَهُ مُبَاشَرَةً مَا لَمْ يُرِدْ قَتْلَهُ. قال الشامى: (قَوْلُهُ: وَلَا يَقْتُلُ) أَيْ يُكْرَهُ لَهُ كَمَا فِي الْفَتْحِ (قَوْلُهُ: مَا لَمْ يُرِدْ قَتْلَهُ) فَإِذَا أَرَادَهُ فَلَهُ دَفْعُهُ وَلَوْ بِقَتْلِهِ، وَلَهُ أَنْ يَتَسَبَّبَ لِيَقْتُلَهُ.

[২২৮]. **قال فى الدر:**وَلَمْ تُسْبَ لَهُمْ ذُرِّيَّةٌ. قال الشامى: (قَوْلُهُ وَلَمْ تُسْبَ لَهُمْ ذُرِّيَّةٌ) أَيْ أَوْلَادٌ صِغَارٌ وَكَذَا النِّسَاءُ ؛ لِأَنَّ الْإِسْلَامَ يَمْنَعُ الِاسْتِرْقَاقَ ابْتِدَاءً كَمَا فِي الزَّيْلَعِيِّ

[২২৯]. **قال فى الدر:** وَتُحْبَسُ أَمْوَالُهُمْ إلَى ظُهُورِ تَوْبَتِهِمْ) فَتُرَدُّ عَلَيْهِمْ ، وَبَيْعُ الْكُرَاعِ أَوْلَى لِأَنَّهُ أَنْفَعُ فَتْحٌ وَيُقَاسَ عَلَيْهِ الْعَبِيدُ نَهْرٌ (وَنُقَاتِلُ بِسِلَاحِهِمْ وَخَيْلِهِمْ عِنْدَ الْحَاجَةِ ، وَلَا يُنْتَفَعُ بِغَيْرِهِمَا مِنْ أَمْوَالِهِمْ مُطْلَقًا) وَلَوْ عِنْدَ الْحَاجَةِ سِرَاجٌ . قال الشامى: (قَوْلُهُ : وَبَيْعُ الْكُرَاعِ أَوْلَى) بِضَمِّ الْكَافِ ، مِنْ تَسْمِيَةِ الشَّيْءِ بِاسْمِ بَعْضِهِ ، لِمَا فِي الْمِصْبَاحِ أَنَّ الْكُرَاعَ مِنْ الْغَنَمِ وَالْبَقَرِ مُسْتَدَقُّ السَّاعِدِ بِمَنْزِلَةِ الْوَظِيفِ مِنْ الْفَرَسِ ، وَهُوَ مُؤَنَّثٌ يُجْمَعُ عَلَى أَكْرُعٍ وَالْأَكْرُعُ عَلَى أَكَارِعَ .

মাসআলা:-২৪৪

বিদ্রোহীদের ধন-সম্পদের মধ্য থেকে ঘোড়া, অন্যান্য চতুষ্পদ প্রাণী এবং দাস-দাসী হেফাজত করতে গেলে যেহেতু তাদের উপর খরচের ঝামেলা আছে, তাই উত্তম হল, এসব বিক্রি করে দিয়ে মূল্য হেফাজত করা। তবে বিক্রি না করে এসব প্রাণী যেমন আছে তেমন হেফাজত করতে চাইলে, বাইতুল মাল থেকে এর খরচ নির্বাহ করবে। অতঃপর ফেরত দেওয়ার সময় যত টাকা খরচ হয়েছে, তা তাদের থেকে রেখে দিবে। (প্রাগুক্ত)

মাসআলা-২৪৫

যুদ্ধ ক্ষেত্রে কোনো বিদ্রোহী সেনা অস্ত্র ফেলে দিয়ে যদি বলে, 'আমি তাওবা করলাম' অথবা অস্ত্র ফেলে দিয়ে বলল, ' আমাকে মেরো না, আমি ভেবে দেখার সুযোগ চাই, হয়তো আমি ফিরে আসবো' তাহলে তাকে হত্যা করা যাবে না। তবে অস্ত্র না ফেলে যদি বলে, ' আমি তোমার আদর্শের উপর আছি' বা এজাতীয় অন্য কোনো কথা বলে, তাহলে তাকে হত্যা করা থেকে বিরত থাকবে না। কারণ, অস্ত্র হাতে থাকাটাই তার না ফেরার আলামত।

উল্লেখ্য, কাফেরদের সাথে যুদ্ধের সময় কোনো কাফের যদি অস্ত্র ফেলে দিয়ে মাফ চায় বা আত্মসমর্পণ করে, সেক্ষেত্রে তার থেকে হাত গুটিয়ে নেওয়া জরুরী নয়, বরং ঐ অবস্থাতেও তাকে হত্যা করা যাবে।[২৩০]

قَالَ الْأَزْهَرِيُّ : الْأَكَارِعُ لِلدَّابَّةِ قَوَائِمُهَا (قَوْلُهُ : لِأَنَّهُ أَنْفَعُ) أَيْ أَنْفَعُ مِنْ إمْسَاكِهِ وَالْإِنْفَاقِ عَلَيْهِ مِنْ بَيْتِ الْمَالِ ، أَوْ لِلرُّجُوعِ عَلَى صَاحِبِهِ كَمَا يُفِيدُهُ كَلَامُ الْبَحْرِ

قال فى البدائع: أَمْوَالُهُمْ الَّتِي ظَهَرَ أَهْلُ الْعَدْلِ عَلَيْهَا فَلَا بَأْسَ بِأَنْ يَسْتَعِينُوا بِكُرَاعِهِمْ وَسِلَاحِهِمْ عَلَى قِتَالِهِمْ كَسْرًا لِشَوْكَتِهِمْ، فَإِذَا اسْتَغْنَوْا عَنْهَا أَمْسَكَهَا الْإِمَامُ لَهُمْ؛ لِأَنَّ أَمْوَالَهُمْ لَا تَحْتَمِلُ التَّمَلُّكَ بِالِاسْتِيلَاءِ لِكَوْنِهِمْ مُسْلِمِينَ، وَلَكِنْ يَحْبِسُهَا عَنْهُمْ إلَى أَنْ يَزُولَ بَغْيُهُمْ فَإِذَا زَالَ رَدَّهَا عَلَيْهِمْ، وَكَذَا مَا سِوَى الْكُرَاعِ وَالسِّلَاحِ مِنْ الْأَمْتِعَةِ لَا يَنْتَفِعُ بِهِ، وَلَكِنْ يُمْسَكُ وَيُحْبَسُ عَنْهُمْ إلَى أَنْ يَزُولَ بَغْيُهُمْ فَيُدْفَعَ إلَيْهِمْ لِمَا قُلْنَا.

[২৩০]. **قال فى الدر:** (وَلَوْ قَالَ الْبَاغِي : تُبْت وَأَلْقَى السِّلَاحَ مِنْ يَدِهِ كُفَّ عَنْهُ ، وَلَوْ قَالَ : كُفَّ عَنِّي لِأَنْظُرَ فِي أَمْرِي لَعَلِّي أَتُوبُ وَأَلْقَى السِّلَاحَ كُفَّ عَنْهُ ، وَلَوْ قَالَ أَنَا عَلَى دِينِك وَمَعَهُ السِّلَاحُ لَا) لِأَنَّ وُجُودَ السِّلَاحِ مَعَهُ قَرِينَةُ بَقَاءِ بَغْيِهِ ، فَمَتَى أَلْقَاهُ كُفَّ عَنْهُ وَإِلَّا لَا فَتْحٌ . قال الشامى: (قَوْلُهُ : فَمَتَى أَلْقَاهُ إلَخْ)

মাসআলা:-২৪৬

বিদ্রোহীদের বন্দী গোলাম যদি তার মনিবের সাথে যুদ্ধে অংশ নিয়ে থাকে, তাহলে তাকে হত্যা করা জায়েয আছে। আর সে যদি মনিবের খেদমত করার জন্য এসে থাকে এবং যুদ্ধে শরীক না হয়, তাহলে তাকে হত্যা করা যাবে না। বরং তাকে আটক করে রাখবে। বিদ্রোহীদের বিদ্রোহ শেষে তাকে ফিরিয়ে দিবে। [২৩১]

মাসআলা:-২৪৭

দারুল ইসলামের বিদ্রোহীদের বিরুদ্ধে যুদ্ধ ক্ষেত্রে দারুল ইসলামের সৈনিকগণ বিদ্রোহীদের যেসব সৈনিকদের হত্যা করবে, জখম করবে এবং তাদের যেসব মাল ধ্বংস করবে, তার কোনো জরিমানা দিতে হবে না। এমনিভাবে যুদ্ধ ক্ষেত্রে বিদ্রোহী সৈনিকগণ দারুল ইসলামের যেসব সৈনিকদের হত্যা করবে, জখম করবে এবং যেসব মাল ধ্বংস করবে, তাদের উপরও তার জরিমানা ওয়াজিব হবে না। [২৩২]

মাসআলা:-২৪৮

বিদ্রোহী সৈনিকদের মধ্য থেকে যদি একজন আরেকজনকে হত্যা করে ফেলে, অতঃপর দারুল ইসলামের সৈনিকগণ তাদের উপর বিজয় লাভ করে, তাহলে এই হত্যাকাণ্ডের কারণে হত্যাকারীর উপর কোনো দণ্ড ওয়াজিব হবে না এবং

قَالَ فِي الْفَتْحِ : وَمَا لَمْ يُلْقِ السِّلَاحَ فِي صُورَةٍ مِنْ الصُّوَرِ كَانَ لَهُ قَتْلُهُ ، وَمَتَى أَلْقَاهُ كُفَّ عَنْهُ ، بِخِلَافِ الْحَرْبِيِّ لَا يَلْزَمُهُ الْكَفُّ عَنْهُ بِإِلْقَاءِ السِّلَاحِ.

[২৩১] **قال فى البدائع:** (وَأَمَّا) الْعَبْدُ الْمَأْسُورُ مِنْ أَهْلِ الْبَغْيِ فَإِنْ كَانَ قَاتَلَ مَعَ مَوْلَاهُ يَجُوزُ قَتْلُهُ، وَإِنْ كَانَ يَخْدُمُ مَوْلَاهُ لَا يَجُوزُ قَتْلُهُ، وَلَكِنْ يُحْبَسُ حَتَّى يَزُولَ بَغْيُهُمْ فَيُرَدُّ عَلَيْهِمْ.

[২৩২] **قال فى البدائع:** (وَأَمَّا) بَيَانُ حُكْمِ إصَابَةِ الدِّمَاءِ وَالْأَمْوَالِ مِنْ الطَّائِفَتَيْنِ فَنَقُولُ : لَا خِلَافَ فِي أَنَّ الْعَادِلَ إذَا أَصَابَ مِنْ أَهْلِ الْبَغْيِ مِنْ دَمٍ أَوْ جِرَاحَةٍ أَوْ مَالٍ اسْتَهْلَكَهُ ، إنَّهُ لَا ضَمَانَ عَلَيْهِ (وَأَمَّا) الْبَاغِي إذَا أَصَابَ شَيْئًا مِنْ ذَلِكَ مِنْ أَهْلِ الْعَدْلِ فَقَدْ اخْتَلَفُوا فِيهِ ، قَالَ أَصْحَابُنَا : إنَّ ذَلِكَ مَوْضُوعٌ.

গুনাহও হবে না। কারণ, নিহত ব্যক্তি মূলত মৃত্যুর পূর্বে মুবাহুদদম ছিল। তার রক্ত হালাল ছিল। [২৩৩]

মাসআলা:-২৪৯

বিদ্রোহীদের সাথে যুদ্ধে দারুল ইসলামের যেসব সৈনিক/ মুজাহিদ নিহত হবে, তারা শহীদ বলে গণ্য হবে। তাদেরকে গোসল করানো যাবে না। তাদেরকে তাদের পরিধানের সাধারণ কাপড়ের সাথে কাফন পরিয়ে, জানাযা পড়ে দাফন করতে হবে। আর বিদ্রোহী যোদ্ধাদের মধ্য থেকে যারা নিহত হবে, তাদেরকে গোসল করিয়ে, কাফন পরিয়ে দাফন করতে হবে। তবে তাদের জানাযা পড়া নিষিদ্ধ। [২৩৪]

মাসআলা-২৫০

নিহত বিদ্রোহী যোদ্ধাদের মস্তক কর্তন করা নাজায়েয। এমনিভাবে কাফেরদের মস্তক কর্তন করাও নাজায়েয। কারণ, এসব নিষিদ্ধ মুসলার (অঙ্গবিকৃতির) অন্তর্ভুক্ত। তবে কেউ যদি এমন হয়, যার মস্তক কর্তন করে জনপদে ঘুরালে শত্রু

---

[২৩৩]. **قال فى الدر:** (وَلَوْ قَتَلَ بَاغٍ مِثْلَهُ فَظُهِرَ عَلَيْهِمْ فَلَا شَيْءَ فِيهِ) لِكَوْنِهِ مُبَاحَ الدَّمِ فَتْحٌ،

[২৩৪]. **قال فى الدر:** وَقَتْلَانَا شُهَدَاءُ وَلَا يُصَلَّى عَلَى بُغَاةٍ بَلْ يُكَفَّنُونَ وَيُدْفَنُونَ بَدَائِعُ. قال الشامى: (قَوْلُهُ: وَقَتْلَانَا شُهَدَاءُ) أَيْ فَيُصْنَعُ بِهِمْ مَا يُصْنَعُ بِالشُّهَدَاءِ كَافِيٌّ (قَوْلُهُ: بَلْ يُكَفَّنُونَ) أَيْ بَعْدَ أَنْ يُغَسَّلُوا كَمَا فِي الْبَحْرِ ح. **قال فى البدائع:** (وأما) بيان ما يصنع بقتلى الطائفتين فنقول – وبالله تعالى التوفيق: (أما) قتلى أهل العدل فيصنع بهم ما يصنع بسائر الشهداء، لا يغسلون، ويدفنون في ثيابهم، ولا ينزع عنهم إلا ما لا يصلح كفنا، ويصلى عليهم؛ لأنهم شهداء لكونهم مقتولين ظلما وقد روي أن زيد بن صوحان اليمني كان يوم الجمل تحت راية سيدنا علي – رضي الله عنهما – فأوصى في رمقه: لا تنزعوا عني ثوبا، ولا تغسلوا عني دما، وارمسوني في التراب رمسا، فإني رجل محاج أحاج يوم القيامة (وأما) قتلى أهل البغي فلا يصلى عليهم؛ لأنه روي أن سيدنا عليا – رضي الله عنه – ما صلى على أهل حروراء، ولكنهم يغسلون ويكفنون ويدفنون؛ لأن ذلك من سنة موتى بني سيدنا آدم – عليه الصلاة والسلام .

পক্ষের লোকজন সন্ত্রস্ত হবে এবং মুসলিমদের অন্তর প্রশান্ত হবে, তাহলে এতে কোনো বাঁধা নেই। বদর যুদ্ধে আবু জাহালের মস্তক কর্তনের কারণ এ টিই। [২৩৫]

মাসআলা:-২৫১

বিদ্রোহী, খারেজী, ডাকাতদল এবং কাফেরসহ অন্যান্য যারা সমাজে ফাসাদ সৃষ্টি করতে পারে, তাদের কাছে অস্ত্র বিক্রি করা মাকরূহে তাহরীমি/নাজায়েয। তবে লোহা বা যেসব খনীজ দ্বারা অস্ত্র তৈরি করা হয়, তাদরে কাছে তা বিক্রি করা না জায়েয নয়। আর কাফেরদের কাছে অস্ত্র তৈরির কাঁচামাল বিক্রি করা যদিও জায়েয আছে কিন্তু মাকরূহে তানযীহী/ অনুচিত কাজ। [২৩৬]

মাসআলা:-২৫২

---

[২৩৫]. **قال فى البدائع:** ويكره أن تؤخذ رءوسهم، وتبعث إلى الآفاق، وكذلك رءوس أهل الحرب؛ لأن ذلك من باب المثلة، وإنه منهي لقوله – عليه الصلاة والسلام – «لا لا تمثلوا» فيكره إلا إذا كان في ذلك وهن لهم، فلا بأس به لما روي «أن عبد الله بن مسعود – ﷺ – جز رأس أبي جهل – عليه اللعنة – يوم بدر وجاء به إلى رسول الله – ﷺ – فقال رسول الله – ﷺ – إن أبا جهل كان فرعون هذه الأمة» ولم ينكر عليه.

[২৩৬]. **قال فى البدائع:** ويكره بيع السلاح من أهل البغي وفي عساكرهم؛ لأنه إعانة لهم على المعصية، ولا يكره بيع ما يتخذ منه السلاح كالحديد ونحوه؛ لأنه لا يصير سلاحا إلا بالعمل ونظيره أنه يكره بيع المزامير، ولا يكره بيع ما يتخذ منه المزمار، وهو الخشب والقصب، وكذا بيع الخمر باطل، ولا يبطل بيع ما يتخذ منه، وهو العنب كذا هذا والله – سبحانه وتعالى – أعلم.

قال فى الدر: (وَيُكْرَهُ) تَحْرِيمًا (بَيْعُ السِّلَاحِ مِنْ أَهْلِ الْفِتْنَةِ إنْ عُلِمَ) لِأَنَّهُ إعَانَةٌ عَلَى الْمَعْصِيَةِ (وَبَيْعُ مَا يُتَّخَذُ مِنْهُ كَالْحَدِيدِ) وَنَحْوِهِ يُكْرَهُ لِأَهْلِ الْحَرْبِ (لَا) لِأَهْلِ الْبَغْيِ لِعَدَمِ تَفَرُّغِهِمْ لِعَمَلِهِ سِلَاحًا لِقُرْبِ زَوَالِهِمْ، بِخِلَافِ أَهْلِ الْحَرْبِ زَيْلَعِيٌّ.

قال الشامى: (قَوْلُهُ: يُكْرَهُ لِأَهْلِ الْحَرْبِ) مُقْتَضَى مَا نَقَلْنَاهُ عَنْ الْفَتْحِ عَدَمُ الْكَرَاهَةِ، إلَّا أَنْ يُقَالَ: الْمَنْفِيُّ كَرَاهَةُ التَّحْرِيمِ وَالْمُثْبَتُ كَرَاهَةُ التَّنْزِيهِ؛ لِأَنَّ الْحَدِيدَ وَإِنْ لَمْ تَقُمْ الْمَعْصِيَةُ بِعَيْنِهِ لَكِنْ إذَا كَانَ بَيْعُهُ مِمَّنْ يَعْمَلُهُ سِلَاحًا كَانَ فِيهِ نَوْعُ إعَانَةٍ تَأَمَّلْ.

বিদ্রোহী সেনাকে যদি দারুল ইসলামের অনুগত তার কোনো নিকটাত্মীয় মেরে ফেলে, তাহলে হত্যাকারী নিহত ব্যক্তির মিরাস থেকে মাহরূম হবে না। আর বিদ্রোহী ব্যক্তি যদি দারুল ইসলামের অনুগত তার নিকটাত্মীয় কাউকে হত্যা করে, আর সে বলে, 'আমি তাকে হত্যা করার সমও হকের উপর ছিলাম এখনও আমি হকের উপর আছি' তাহলে সে নিহত ব্যক্তির মীরাস পাবে; মাহরূম হবে না। তবে যদি সে বলে, আমি তাকে হত্যা করার সময় জানতাম যে, আমি বাতিলের উপর, তাহলে সে মিরাস পাবে না।[২৩৭]

মাসআলা:-২৫৩

বিদ্রোহীদের নিকট বন্দী দারুল ইসলামের অনুগত এক সৈনিক যদি অপর সৈনিককে হত্যা করে ফেলে, কিংবা কোনো অঙ্গ কেটে ফেলে, তাহলে বিদ্রোহীদের উপর বিজয় অর্জনের পর এই হত্যা ও কর্তনের কিসাস নেয়া যাবে না। এমনিভাবে বিদ্রোহীদের নিকট অবস্থানরত দারুল ইসলামের অনুগত এক

---

[২৩৭]. **قال فى البدائع:**ثم لا خلاف في أن العادل إذا قتل باغيا لا يحرم الميراث؛ لأنه لم يوجد قتل نفس بغير حق لسقوط عصمة نفسه وأما الباغي إذا قتل العادل يحرم الميراث عند أبي يوسف وعند أبي حنيفة ومُحَمَّد إن قال: قتلته، وكنت على حق وأنا الآن على حق لا يحرم الميراث وإن قال: قتلته وأنا أعلم أني على باطل يحرم.
قال فى الدر:(وَإِنْ قَتَلَ عَادِلٌ بَاغِيًا وَرِثَهُ) مُطْلَقًاوَبِالْعَكْسِ (إذَا قَالَ) الْبَاغِي وَقْتَ قَتْلِهِ (أَنَا عَلَى بَاطِلٍ لَا) يَرِثُهُ اتِّفَاقًا لِعَدَمِ الشُّبْهَةِ (وَإِنْ قَالَ: أَنَا عَلَى حَقٍّ) فِي الْخُرُوجِ عَلَى الْإِمَامِ وَأَصَرَّ عَلَى دَعْوَاهُ (وَرِثَهُ) أَمَّا لَوْ رَجَعَ تَبْطُلُ دِيَانَتُهُ فَلَا إرْثَ ابْنُ كَمَالٍ. قال الشامى:(قَوْلُهُ وَبِالْعَكْسِ) أَيْ إذَا قَتَلَ بَاغٍ عَادِلًا (قَوْلُهُ وَقْتَ قَتْلِهِ) مُتَعَلِّقٌ بِقَوْلِهِ أَنَا عَلَى بَاطِلٍ، فَكَانَ عَلَيْهِ أَنْ يَذْكُرَهُ عَقِبَهُ إذْ لَا يَلْزَمُ قَوْلُهُ ذَلِكَ وَقْتَ قَتْلِهِ، بَلْ اللَّازِمُ اعْتِقَادُ ذَلِكَ وَقْتَهُ، لَكِنْ قَدْ يَأْتِي لَفْظُ قَالَ بِمَعْنَى اعْتَقَدَ تَأَمَّلْ. وَعِبَارَةُ الْبَحْرِ، وَإِنْ قَالَ قَتَلْته وَأَنَا أَعْلَمُ أَنِّي عَلَى بَاطِلٍ لَمْ يَرِثْهُ (قَوْلُهُ: اتِّفَاقًا) أَيْ مِنْ أَبِي يُوسُفَ وَصَاحِبَيْهِ (قَوْلُهُ لِعَدَمِ الشُّبْهَةِ) وَهِيَ التَّأْوِيلُ بِاعْتِقَادِ كَوْنِهِ عَلَى حَقٍّ (قَوْلُهُ: وَرِثَهُ) أَيْ خِلَافًا لِأَبِي يُوسُفَ؛ لِأَنَّهُ أَتْلَفَ بِتَأْوِيلٍ فَاسِدٍ وَالْفَاسِدُ مِنْهُ مُلْحَقٌ بِالصَّحِيحِ إذَا ضُمَّتْ إلَيْهِ الْمَنَعَةُ فِي حَقِّ الدَّفْعِ كَمَا فِي مَنَعَةِ أَهْلِ الْحَرْبِ وَتَأْوِيلُهُمْ.

ব্যবসায়ী যদি আরেক ব্যবসায়ীকে হত্যা করে ফেলে, কিংবা অঙ্গহানি ঘটায়, তাহলে সেক্ষেত্রেও বিজয়ের পর কিসাসের বিধান আরোপ করা যাবে না। [২৩৮]

মাসআলা:-২৫৪

দারুল ইসলামের বিদ্রোহী জনগোষ্ঠি কোনো এক স্থানে সমবেত হওয়ার পূর্বপর্যন্ত তাদের থেকে সংগঠিত হত্যা-লুণ্ঠনসহ যেকোনো অন্যায়-অবিচারের বিচার বিজয়ের পরও করতে হবে। এমনিভাবে দারুল ইসলামের অনুগত বাহিনীর হামলায় তারা ছড়িয়ে ছিটিয়ে পড়ার পর যেসব অন্যায়-অপরাধ করবে, সে সবকেও বিচারের আওতায় আনতে হবে। তবে তারা একস্থানে সমবেত হওয়ার পর (বিচ্ছিন্ন হওয়ার আগে) যেসব হত্যা লুণ্ঠন চালাবে, তাদের উপর বিজয় অর্জনের পর সেসবের বিচার করা যাবে না; কারো মাল ধ্বংস করলে জরিমানা দিতে হবে না, কাউকে হত্যা করে থাকলে, কেসাস ওয়াজিব হবে না। [২৩৯]

---

[২৩৮]. **قال فى البدائع:**وَلَوْ قَتَلَ تَاجِرٌ مِنْ أَهْلِ الْعَدْلِ تَاجِرًا آخَرَ مِنْ أَهْلِ الْعَدْلِ فِي عَسْكَرِ أَهْلِ الْبَغْيِ، أَوْ قَتَلَ الْأَسِيرُ مِنْ أَهْلِ الْعَدْلِ أَسِيرًا آخَرَ أَوْ قَطَعَ، ثُمَّ ظُهِرَ عَلَيْهِ فَلَا قِصَاصَ عَلَيْهِ؛ لِأَنَّ الْفِعْلَ لَمْ يَقَعْ مُوجِبًا لِتَعَذُّرِ الِاسْتِيفَاءِ وَانْعِدَامِ الْوِلَايَةِ، كَمَا لَوْ قَطَعَ فِي دَارِ الْحَرْبِ؛ لِأَنَّ عَسْكَرَ أَهْلِ الْبَغْيِ فِي حَقِّ انْقِطَاعِ الْوِلَايَةِ وَدَار الْحَرْبِ سَوَاءٌ وَاَللَّهُ – عَزَّ وَجَلَّ – أَعْلَمُ

[২৩৯]. **قال فى رد المحتار:** أهل البغي إذا كانوا كثيرين ذوي منعة وتحيزوا لقتالنا معتقدين حله بتأويل سقط عنهم ضمان ما أتلفوه من دم أو مال دون ما كان قائما ، ويضمنون كل ذلك إذا كانوا قليلين لا منعة لهم أو قبل تحيزهم أو بعد تفرق جمعهم ، وتقدم أن ما أتلفه أهل العدل لا يضمنونه وقيل يضمنونه وقدمنا التوفيق.

وقال الشامى فى موضع اخر: وأصله أن العادل إذا أتلف نفس الباغي أو ماله لا يضمن ولا يأثم ؛ لأنه مأمور بقتالهم دفعا لشرهم كذا في الهداية ونحوه في البدائع .

وفي المحيط : العادل لو أتلف مال الباغي يضمن ؛ لأنه معصوم في حقنا .

ووفق الزيلعي بحمل الأول على إتلافه حال القتال بسبب القتال إذ لا يمكنه أن يقتلهم إلا بإتلاف شيء من أموالهم كالخيل ، وأما في غير هذه الحالة فلا معنى لمنع الضمان لعصمة أموالهم ا هـ ملخصا .

قلت : ويظهر لي التوفيق بوجه آخر ، وهو حمل الضمان على ما قبل تحيزهم وخروجهم أو بعد كسرهم وتفرق جمعهم ، أما إذا تحيزوا لقتالنا مجتمعين فإنهم غير معصومين بدليل حل قتالنا لهم ، ويدل عليه تعليل

মাসআলা:-২৫৫

দারুল ইসলামের বাহিনীর কেউ কিংবা সাধারণ কেউ যদি বিদ্রোহীগোষ্ঠি সমবেত ও সংগঠিত হওয়ার পূর্বে কিংবা তারা পরাজিত হয়ে ছড়িয়ে ছিটিয়ে পড়ার পর তাদের কাউকে অন্যায়ভাবে হত্যা করে, কিংবা তাদের কারো মাল নষ্ট করে, তাহলে তাকে বিচারের আওতায় আনতে হবে। মাল নষ্ট করলে জরিমানা দিতে হবে। হত্যা করলে কেসাস বা দিয়াত ওয়াজিব হবে। (প্রাগুক্ত)

মাসআলা:-২৫৬

বিদ্রোহীদের সাথে যুদ্ধ শেষে তাদের কাছে দারুল ইসলামের অনুগত নাগরিকদের যেসব সম্পদ রক্ষিত পাওয়া যাবে, তা তার মালিকের কাছে ফেরত দেওয়া হবে। এমনিভাবে দারুল ইসলামের অনুগত নাগরিকদের কারো কাছে তাদের কোনো সম্পদ রক্ষিত থাকলে, তাও ফেরত দিতে হবে। কেউ কারো সম্পদ ভোগদখল করতে পারবে না। (প্রাগুক্ত)

মাসআলা:-২৫৭

বিদ্রোহীরা যদি তাদের বিজিত এলাকার লোকজন থেকে খারাজ ও যাকাত উসুল করে, তাহলে বিজয়ের পর পুনরায় তাদের থেকে তা নেওয়া হবে না। বরং বিদ্রোহীদের উসুলকেই শরয়ী উসুল ধরে নেওয়া হবে। তবে যাকাতের ক্ষেত্রে ইসতিহসান হল, পুনরায় আদায়ের ফাতওয়া দেওয়া। কারণ, যাকাতের মাল তারা সঠিক খাতে ব্যবহার না করার ব্যাপারে প্রবল ধারণা রয়েছে।[২৪০]

الهداية بالأمر بقتالهم إذ لا يؤمر بقتالهم إلا في هذه الحالة ، فلو أتلف العادل منهم شيئا في هذه الحالة لا يضمنه لسقوط العصمة بخلاف غيرها فإنه يضمن ؛ لأنه حينئذ معصوم في حقنا ، ولم أر من ذكر هذا التوفيق ، والله تعالى الموفق.

[২৪০] **قال فى البدائع:** وما أخذوا من البلاد التي ظهروا عليها من الخراج والزكاة التي ولاية أخذها للإمام لا يأخذه الإمام ثانيا؛ لأن حق الأخذ للإمام لمكان حمايته، ولم توجد، إلا أنهم يفتون بأن يعيدوا الزكاة استحسانا؛ لأن الظاهر أنهم لا يصرفونها إلى مصارفها، فأما الخراج فمصرفه المقاتلة، وهم يقاتلون أهل الحرب والله – تعالى – أعلم.

মাসআলা:-২৫৮

যদি কোনো বিদ্রোহী নিরাপত্তা/ভিসা নিয়ে দারুল ইসলামে প্রবেশ করে, অতঃপর দারুল ইসলামের অনুগত কেউ তাকে ইচ্ছাকৃত হত্যা করে ফেলে, তাহলে হত্যাকারীর উপর রক্তপন আদায় ওয়াজিব হবে; কেসাস ওয়াজিব হবে না। নিরাপত্তা/ভিসা নিয়ে দারুল ইসলামে প্রবেশকারী কাফেরের বিধানও একই। তার হত্যাকারীর উপরও রক্তপন আদায় ওয়াজিব হবে; কেসাস ওয়াজিব হবে না।[২৪১]

মাসআলা:-২৫৯

বিদ্রোহী গোষ্ঠি কোনো শহর পদানত করার পর সেখানের এক নাগরিক আরেক নাগরিককে ইচ্ছাকৃত হত্যা করেছে। বিদ্রোহী গোষ্ঠি এই হত্যাকাণ্ডের বিচার করার পূর্বেই দারুল ইসলামের বাহিনী পুনরায় শরহ দখল করে নিয়েছে। এখন এই হত্যাকাণ্ডের বিচার দারুল ইসলামের বাহিনী বা কাজী করতে পারবে কিনা? যদি বিদ্রোহী গোষ্ঠি নিজেদের বিজিত এলাকায় পূর্ণাঙ্গ কর্তৃত্ব প্রতিষ্ঠা করে থাকে, নিজেদের হুকুম-আহকাম, আইনকানুন জারি করে থাকে, তাহলে পুনরায় বিজয়ের পর দারুল ইসলামের বাহিনী/কাজী ঐ হত্যাকাণ্ডের বিচার করতে পারবে না। আর যদি বিদ্রোহীরা পূর্ণ কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে না পারে এবং তাদের হুকুম-আহকাম, আইনকানুন জারি করার সুযোগ নাপায়, ইতোমধ্যে দারুল ইসলামের বাহিনী তাদেরকে তাড়িয়ে দেয়, সেক্ষেত্রে ঐ হত্যাকাণ্ডের বিচার দারুল ইসলামের বাহিনী/কাজী করতে পারবে, হত্যার পরিবর্তে হত্যার বিধান জারি করতে পারবে। প্রথম সুরতে হত্যাকারী কেসাস থেকে পার পেলেও গুনাহ থেকে বাঁচতে পারবে না। অন্যায় হত্যার জন্য আখেরাতে তাকে অবশ্যই জবাবদিহি করতে হবে।[২৪২]

---

[২৪১]. **قال فى الدر المختار:** وَفِي الْفَتْحِ : لَوْ دَخَلَ بَاغٍ بِأَمَانٍ فَقَتَلَهُ عَادِلٌ عَمْدًا لَزِمَهُ الدِّيَةُ كَمَا فِي الْمُسْتَأْمَنِ لِبَقَاءِ شُبْهَةِ الْإِبَاحَةِ .

[২৪২]. **قال فى الدر المختار:** (وَلَوْ غَلَبُوا عَلَى مِصْرٍ فَقَتَلَ مِصْرِيٌّ مِثْلَهُ عَمْدًا فَظَهَرَ عَلَى الْمِصْرِ قُتِلَ بِهِ إنْ لَمْ يَجْرِ عَلَى أَهْلِهِ) أَيْ الْمِصْرِ (أَحْكَامُهُمْ) وَإِنْ جَرَى لَا لِانْقِطَاعِ وِلَايَةِ الْإِمَامِ عَنْهُمْ.

মাসআলা:-২৬০

বিদ্রোহী গোষ্ঠি নিজেদের বিজিত এলাকায় নিজেদের মধ্য থেকে একজনকে কাজী/বিচারক নিয়োগ দিল। এই বিচারক যদি দারুল ইসলামের হুকুমতের মাযহাব মতে ফায়সালা করে, তাহলে তার ফায়সালা কার্যকর হবে, অন্যথায় হবে না।

তাদের কাজী ফায়সালা করার পর দারুল ইসলামের বাহিনী তাদের উপর বিজয়লাভ করেছে। অতঃপর উক্ত কাজীর ফায়সালাকৃত বিষয় দারুল ইসলামের কাজীর নিকট পুনর্বিবেচনার জন্য পেশ করা হয়েছে। সেক্ষেত্রে বিদ্রোহীদের কাজী যেসব ফায়সালা দারুল ইসলামের হুকুমতের মাযহাব মতে করেছে, সেসব ফায়সালা এই কাজী বাস্তবায়িত করার নির্দেশ দিবে। এমনিভাবে ইজতিহাদী কোনো বিষয়ে যেসব ফায়সালা সে কোনো মুজতাহিদের রায় মোতাবেক করেছে, তাও কার্যকর হবে, যদিও তা দারুল ইসলামের কাজীর মাযহাবের খেলাফ হোকনা কেন। [২৪৩]

বি.দ্র. উল্লেখিত সকল মাসআলায় বিদ্রোহী এবং খারেজী গোষ্ঠির বিধান একই।

উশর ও খারাজ অধ্যায়

قال الشامى: (قَوْلُهُ : إنْ لَمْ يَجْرِ إلَخْ) أَيْ بِأَنْ أَخْرَجَهُمْ إمَامُ الْعَدْلِ قَبْلَ تَقَرُّرِ حُكْمِهِمْ ؛ لِأَنَّهُ حِينَئِذٍ لَمْ يَنْقَطِعْ وِلَايَةُ الْإِمَامِ فَوَجَبَ الْقَوَدُ فَتْحٌ (قَوْلُهُ : وَإِنْ جَرَى لَا) أَيْ لَا يُقْتَلُ بِهِ وَلَكِنْ يَسْتَحِقُّ عَذَابَ الْآخِرَةِ فَتْحٌ.

[২৪৩]. **قال فى الدر:** وفي الفتح : ينفذ حكم قاضيهم لو عادلا وإلا لا ، قال الشامى: (قوله : ينفذ) بالتشديد مبنيا للمجهول (قوله : لو عادلا) أي لو كان حكم قاضيهم عادلا : أي على مذهب أهل العدل . قال في الفتح : وإذا ولى البغاة قاضيا على مكان غلبوا عليه فقضى ما شاء ثم ظهر أهل العدل فرفعت أقضيته إلى قاضي العدل نفذ منها ما هو عدل وكذا ما قضى برأي بعض المجتهدين ؛ لأن قضاء القاضي في المجتهدات نافذ وإن كان مخالفا لرأي قاضي العدل .

জিহাদের মাধ্যমে যেসব এলাকা বিজয় হবে, সেসব এলাকার জমি হয়তো উশরী হবে, কিংবা খারাজী হবে। যদি উশরী হয়, তাহলে জমির উৎপাদিত ফসল থেকে উশর আদয় করা ফরয। আর যদি খারাজী হয়, তাহলে খারাজ আদায় করতে হবে। নিম্নে উশরী ও খারাজী জমির পরিচয় এবং এসম্পর্কীয় কিছু মাসাআ আলোচনা করা হলঃ

মাসআলাঃ-২৬১

উশরী জমিঃ যে এলাকার লোকজন স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করেছে (এবং তাদের এলাকা ইসলামী হুকুমাতের অধীনে চলে এসেছে), সে এলাকার জমি উশরী জমি বলে গণ্য হবে। এমনিভাবে যেসব এলাকা শক্তি প্রয়োগের মাধ্যমে বিজয় করা হয়েছে, আর তার জমি মুসলিমদের মধ্যে বণ্টন করে দেয়া হয়েছে, তাও উশরী জমি বলে গণ্য হবে। [২৪৪]

মাসআলাঃ-২৬২

খারাজী জমিঃ যেসব এলাকা শক্তি প্রয়োগের মাধ্যমে বিজয় হয়েছে, কিন্তু এলাকার জমি মুসলিমদের মধ্যে বণ্টন করা হয়নি, বরং জমি সেখানকার স্থানীয় কাফেরদের মালিকানায় রাখা হয়েছে কিংবা অন্যকোনো কাফের গোষ্ঠির মাঝে বণ্টন করে দেয়া হয়েছে, তা খারাজী জমি বলে গণ্য হবে। এমনিভাবে যেসব

---

[২৪৪]. **قال فی الدر:** (أَرْضَ الْعَرَبِ) وَهِيَ مِنْ حَدِّ الشَّامِ وَالْكُوفَةِ إلَى أَقْصَى الْيَمَنِ (وَمَا أَسْلَمَ أَهْلُهُ) طَوْعًا (أَوْ فُتِحَ عَنْوَةً وَقُسِمَ بَيْنَ جَيْشَنَا وَالْبَصْرَةَ) أَيْضًا بِإِجْمَاعِ الصَّحَابَةِ (عُشْرِيَّةٌ) لِأَنَّهُ أَلْيَقُ بِالْمُسْلِمِ وَكَذَا بُسْتَانُ مُسْلِمٍ أَوْ كَرْمُهُ كَانَ دَاره دُرَرٌ وَمَرَّ فِي بَابِ الْعَاشِرِ بِأَتَمَّ مِنْ هَذَا وَحَرَّرْنَاهُ فِي شَرْحِ الْمُلْتَقَى ... (وَمَا فُتِحَ عَنْوَةً و) لَمْ يُقْسَمْ بَيْنَ جَيْشِنَا إلَّا مَكَّةَ سَوَاءٌ (أَقَرَّ أَهْلُهُ عَلَيْهِ) أَوْ نُقِلَ إلَيْهِ كُفَّارٌ أُخَرُ (أَوْ فُتِحَ صُلْحًا خَرَاجِيَّةٌ) لِأَنَّهُ أَلِيقُ بِالْكَافِرِ.

এলাকা সুলাহ বা সন্ধির মাধ্যমে বিজয় হয়েছে, সেসব এলাকার জমিও খারাজী জমি বলে গণ্য হবে। (প্রাগুক্ত)

মাসআলা:২৬৩

দারুল ইসলামের পতিত জমি (মালিকহীন সরকারী খাস জমি) যদি জিম্মী কাফের হুকুমতের অনুমতি নিয়ে চাষাবাদ করতে শুরু করে, তাহলে তা খারাজী জমি বলে গণ্য হবে। এমনিভাবে জিম্মী কাফের মুজাহিদ বাহিনীর সাথে যুদ্ধে শরীক হওয়ায় গনীমত থেকে যদি তাকে কোনো জমি দেওয়া হয়ে থাকে, তাহলে তাও খারাজী জমি বলে গণ্য হবে। [২৪৫]

মাসআলা:-২৬৪

দারুল ইসলামের পতিত জমি যদি কোনো মুসলমান চাষাবাদের উপযুক্ত করে চাষ করতে শুরু করে, তাহলে সেই জমি উশরী হবে নাকি খারাজী হবে তা নির্ভর করবে তার নিকটবর্তী জমির উপর। ঐ জমির সবচেয়ে নিকটের জমি যদি উশরী হয়, তাহলে সেটাকেও উশরী ধরা হবে। আর যদি নিকটের জমি খারাজী হয়, তাহলে সেটাকেও খারাজী ধরা হবে। আর যদি ঐ জমি থেকে উশরী ও খারাজী উভয় প্রকারের জমি সমান দূরত্বে অবস্থিত হয়, তাহলে ঐ জমিকে উশরী গণ্য করা হবে। [২৪৬]

---

[২৪৫]. **قال فى الدر:** (وَمَوَاتٌ أَحْيَاهُ ذِمِّيٌّ بِإِذْنِ الْإِمَامِ) أَوْ رَضَخَ لَهُ كَمَا مَرَّ (خَرَاجِيٌّ. قال الشامى: (قَوْلُهُ بِإِذْنِ الْإِمَامِ) قَيَّدَ بِهِ لِأَنَّ الْإِحْيَاءَ يَتَوَقَّفُ عَلَى إذْنِهِ ط عَنْ الْمِنَحِ (قَوْلُهُ كَمَا مَرَّ) أَنَّهُ إذَا قَاتَلَ مَعَ الْمُسْلِمِينَ أَوْ دَلَّهُمْ عَلَى الطَّرِيقِ يَرْضَخُ لَهُ ط (قَوْلُهُ خَرَاجِيٌّ) لِأَنَّهُ ابْتِدَاءً وُضِعَ عَلَى الْكَافِرِ وَهُوَ أَلْيَقُ بِهِ كَمَا مَرَّ.

[২৪৬]. **قال فى الدر:** وَلَوْ أَحْيَاهُ مُسْلِمٌ أُعْتُبِرَ قُرْبُهُ مَا قَارَبَ الشَّيْءَ يُعْطَى حُكْمُهُ.

قال الشامى: (قَوْلُهُ أُعْتُبِرَ قُرْبُهُ) أَيْ قُرْبُ مَا أَحْيَاهُ إنْ كَانَ إلَى أَرْضِ الْخَرَاجِ أَقْرَب كَانَتْ خَرَاجِيَّةً ، وَإِنْ كَانَ إلَى الْعُشْرِ أَقْرَبَ فَعُشْرِيَّةٌ نَهْرٌ .

وَإِنْ كَانَتْ بَيْنَهُمَا فَعُشْرِيَّةٌ مُرَاعَاةً لِجَانِبِ الْمُسْلِمِ ، عِنْدَ أَبِي يُوسُفَ وَاعْتَبَرَ مُحَمَّدٌ الْمَاءَ فَإِنْ أَحْيَاهَا بِمَاءِ الْخَرَاجِ فَخَرَاجِيَّةٌ وَإِلَّا فَعُشْرِيَّةٌ بَحْرٌ وَبِالْأَوَّلِ يُفْتِي دُرٌّ مُنْتَقًى.

মাসআলা:-২৬৫

উশরী জমিতে সার ও পানির খরচ ব্যতীত যদি ফসল উৎপাদিত হয় অর্থাৎ জমি এমন যে, বৃষ্টি বা প্রাকৃত পানিরধারা (ঝর্ণা, নদী, খালবিল) থেকে সিঞ্চিত হয়, আর এত উর্বর যে সার দিতে হয় না, সেক্ষেত্রে উৎপাদিত ফসলের একদশমাংশ যাকাতযোগ্য লোকদেরকে দিয়ে দেওয়া ফরয।

আর যদি বৃষ্টি বা প্রাকৃতিক পানি দ্বারা জমি সিঞ্চিত না হয়, বরং পানির জন্য কোনোরূপ খরচ বহন করতে হয় বা মেহনত করতে হয় যেমন: কূপ থেকে পানি উঠিয়ে দিতে হয় বা মেশিন দিয়ে পানি উঠাতে হয়, অথবা সার ইত্যাদির খরচ বহন করতে হয়, সেক্ষেত্রে উৎপাদিত ফসলের বিশ ভাগের একভাগ যাকাতযোগ্য লোকদের দেওয়া ফরয।[২৪৭]

মাসআলা:-২৬৬

নাবালেগ, পাগল এবং মুকাতাব গোলামের জমিতে উৎপাদিত ফসলেও উশর ওয়াজিব হয়, যদিও নাবালেগ, পাগল ও গোলামের উপর যাকাত ওয়াজিব হয় না। যাকাতের মত উশর বছরে একবার নয়, বরং জমিতে যতবার ফসল হবে,

---

[২৪৭]. **قال فى رد المحتار:** (قوله يجب العشر) ثبت ذلك بالكتاب والسنة والإجماع والمعقول : أي يفترض لقوله تعالى { وآتوا حقه يوم حصاده } فإن عامة المفسرين على أنه العشر أو نصفه وهو مجمل بينه قوله ﷺ { ما سقت السماء ففيه العشر وما سقي بغرب أو دالية ففيه نصف العشر }

قال فى الدر: (و) يجب (نصفه في مسقي غرب) أي دلو كبير (ودالية) أي دولاب لكثرة المؤنة وفي كتب الشافعية أو سقاه بماء اشتراه وقواعدنا لا تأباه ولو سقى سيحا وبآلة اعتبر الغالب ولو استويا فنصفه وقيل ثلاثة أرباعه (بلا رفع مؤن) أي كلف (الزرع) وبلا إخراج البذر لتصريحهم بالعشر في كل الخارج

ততবার উশর আদায় করতে হবে। কেউ উশর আদায় না করলে ইসলামী হুকুমত জোরপূর্বক তার থেকে উশর আদায় করতে পারবে ।[২৪৮]

মাসআলা:-২৬৭

উশর ওয়াজিব হওয়ার জন্য ঋণমুক্ত হওয়া কিংবা নেসাব পরিমাণ সম্পদের মালিক হওয়া শর্ত নয়। বরং ঋণী, ফকীর-মিসকীনের জমিতে উৎপাদিত ফসলেও উশর ওয়াজিব হয়। (প্রাগুক্ত)

মাসআলা:-২৬৮

উশর এর সম্পর্ক উৎপাদিত ফসলের সাথে। জমিনের মালিকানা এখানে মুখ্য বিষয় নয়। তাই ওয়াকফী জমির ফসলেও উশর ওয়াজিব হবে। তাই কোনো ওয়াকফী জমি চাষাবাদ করা হলে উশর আদায় করতে হবে। (প্রাগুক্ত)

মাসআলা:-২৬৯

জমিতে উৎপাদিত সমস্ত ফসলের হিসেবেই উশর দিতে হবে। ফসল থেকে বীজ আলাদা করে রাখা যাবে না। এমনিভাবে ফসল করতে গিয়ে সার, লেবার, পানি

---

[২৪৮]. **قال فی الدر:** (و) تجب في (مسقي سماء) أي مطر (وسيح) كنهر (بلا شرط نصاب) راجع للكل (و) بلا شرط (بقاء) وحولان حول لأن فيه معنى المؤنة ولذا كان للإمام أخذه جبرا ويؤخذ من التركة ويجب مع الدين وفي أرض صغير ومجنون ومكاتب ومأذون ووقف وتسميته زكاة مجاز.

قال الشامی: (قوله : وحولان حول) حتى لو أخرجت الأرض مرارا وجب في كل مرة لإطلاق النصوص عن قيد الحول ولأن العشر في الخارج حقيقة فيتكرر بتكرره وكذا خراج المقاسمة ؛ لأنه في الخارج فأما خراج الوظيفة فلا يجب في السنة إلا مرة ؛ لأنه ليس في الخارج بل في الذمة بدائع... (قوله : وفي أرض صغير ومجنون ومكاتب) من مدخول الغلة فلا يشترط في وجوبه العقل والبلوغ والحرية (قوله : ووقف) أفاد أن ملك الأرض ليس بشرط لوجوب العشر وإنما الشرط ملك الخارج ؛ لأنه يجب في الخارج لا في الأرض ، فكان ملكه لها وعدمه سواء بدائع .

ইত্যাদি বাবদ যত খরচ হয়েছে সেই খরচ পরিমাণ ফসল বাদ দিয়েও উশর হিসাব করা যাবে না। বরং উৎপাদিত সমস্ত ফসল থেকেই উশর দিতে হবে।[২৪৯]

মসাআলা:-২৭০

যদি কোনো জমি কিছু দিন প্রাকৃতিক পানি দ্বারা সিঞ্চিত হয়, আর কিছু দিন খরচ করে বা মেহনত করে পানির ব্যবস্থা করতে হয়, তাহলে অধিকাংশ সময়ের হিসাব করতে হবে। অধিকাংশ সময় যদি প্রাকৃতিক পানি দ্বারা সিঞ্চিত হয়, তাহলে উৎপাদিত ফসলের একদশমাংশ অন্যথায় একবিশমাংশ উশর হিসাবে আদায় করতে হবে। (প্রাগুক্ত)

মাসআলা:-২৭১

খারাজ দুই প্রকার:

---

[২৪৯]. **قال فى الدر:** (و) يجب (نصفه في مسقي غرب) أي دلو كبير (ودالية) أي دولاب لكثرة المؤنة وفي كتب الشافعية أو سقاه بماء اشتراه وقواعدنا لا تأباه ولو سقى سيحا وبآلة اعتبر الغالب ولو استويا فنصفه وقيل ثلاثة أرباعه (بلا رفع مؤن) أي كلف (الزرع) وبلا إخراج البذر لتصريحهم بالعشر في كل الخارج

قال فى رد المحتار: (قوله : اعتبر الغالب) أي أكثر السنة كما مر في السائمة والعلوفة زيلعي أي إذا أسامها في بعض السنة وعلفها في بعضها يعتبر الأكثر (قوله : ولو استويا فنصفه) كذا في القهستاني عن الاختيار ؛ لأنه وقع الشك في الزيادة على النصف فلا تجب الزيادة بالشك (قوله : بلا رفع مؤن) أي يجب العشر في الأول ونصفه في الثاني بلا رفع أجرة العمال ونفقة البقر وكري الأنهار وأجرة الحافظ ونحو ذلك درر قال في الفتح يعني لا يقال بعدم وجوب العشر في قدر الخارج الذي بمقابلة المؤنة بل يجب العشر في الكل ؛ لأنه عليه الصلاة والسلام حكم بتفاوت الواجب لتفاوت المؤنة ولو رفعت المؤنة كان الواجب واحدا وهو العشر دائما في الباقي ؛ لأنه لم ينزل إلى نصفه إلا للمؤنة والباقي بعد رفع المؤنة لا مؤنة فيه فكان الواجب دائما العشر لكن الواجب قد تفاوت شرعا فعلمنا أنه لم يعتبر شرعا عدم عشر بعض الخارج وهو القدر المساوي للمؤنة أصلا ا هـ وتمامه فيه

১. খারাজে মুকাসামা

২. খারাজে ওজীফা

খরাজে মুকাসামার সম্পর্ক হল, উশরের মত উৎপাদিত ফসলের সাথে। এই প্রকারের খারাজে ফসলের কিয়দাংশকে (যেমন, এক পঞ্চমাংশ) খারাজরূপে নির্ধারণ করা হয়।

খারাজে ওজীফা হল, উমর রাযি. কর্তৃক নির্ধারিত খারাজ। দেশ জয়ের পর উমর রাযি. সাহাবায়ে কেরাম রাযি. এর উপস্থিতিতে যেপরিমাণ জমির উপর যে পরিমাণ খারাজ নির্ধারণ করেছেন, সেটাই হল খারাজে ওজীফা। এমন এক জারীব (দৈর্ঘ প্রস্থে ষাট হাত) চাষাবাদ উপযুক্ত জমি, যাতে গম বা জব চাষ করা হয়েছে তাতে তিনি এক কফীয (এক সা'/ সাড়ে তিন সের) উৎপাদিত ফসল এবং এক দিরহাম নির্ধারণ করেছিলেন। আর শসা, খিরা, তরমুজ, বেগুণজাতীয় ফসল চাষাবাদ করা হয়েছে, এমন এক জারীবে পাঁচ দেরহাম নির্ধারণ করেছিলেন। ঘন সন্নিবেসীত এমন ফলবিথী যার জমিতে অন্যকোনো ফসল চাষ করা যায় না, এরূপ এক জারীবে দশ দেরহাম নির্ধারণ করা হয়েছিল।

যেসব ফসলের ক্ষেত্রে হযরত উমর রাযি. কর্তৃক নির্ধারিত পরিমাণ বর্ণিত রয়েছে, সেসব ফসলের ক্ষেত্রে সেই পরিমাণই নির্ধারণ করতে হবে। বেশকম করা যাবে না। আর যেসব ফসলের ক্ষেত্রে হযরত উমর থেকে নির্ধারিত পরিমাণ বর্ণিত নেই, সেক্ষেত্রে ইসলামী হুকুমত নিজ বিবেচনায় নির্ধারণ করে দিবে। তবে নির্ধারণ করতে গিয়ে উৎপাদিত ফসলের অর্ধেকের বেশি নির্ধারণ করা যাবে না।

খারাজে মুকাসামার সম্পর্ক যেহেতু উশরের মত ফসলের সাথে, তাই বছরে যতবার ফসল হবে ততবার নির্ধারিত পরিমাণ খারাজ আদায় করতে হবে। আর খারাজে ওজীফার সম্পর্ক যেহেতু ব্যক্তির দায়িত্বের সাথে, তাই জমি চাষের

উপযুক্ত হওয়া সত্ত্বেও যদি চাষ না করা হয়, তথাপি নির্ধারিত পরিমাণ খারাজ আদায় করতে হবে। [২৫০]

---

[২৫০]. **قال فى البدائع:** أما الثاني وهو بيان قدر الواجب من الخراج فالخراج نوعان خراج وظيفة وخراج مقاسمة أما خراج الوظيفة فما وظفه عمر – ﷺ – ففي كل جريب أرض بيضاء تصلح للزراعة قفيز مما يزرع فيها ودرهم القفيز صاع والدرهم وزن سبعة، والجريب أرض طولها ستون ذراعا وعرضها ستون ذراعا بذراع كسرى يزيد على ذراع العامة بقصبة وفي جريب الرطبة خمسة دراهم وفي جريب الكرم عشرة دراهم هكذا وظفه عمر بمحضر من الصحابة ولم ينكر عليه أحد ومثله يكون إجماعا.

وأما جريب الأرض التي فيها أشجار مثمرة بحيث لا يمكن زراعتها لم يذكر في ظاهر الرواية.

وروي عن أبي يوسف أنه قال: إذا كانت النخيل ملتفة جعلت عليها الخراج بقدر ما تطيق ولا أزيد على جريب الكرم عشرة دراهم وفي جريب الأرض التي يتخذ فيها الزعفران قدر ما تطيق فينظر إلى غلتها فإن كانت تبلغ غلة الأرض المزروعة يؤخذ منها قدر خراج الأرض المزروعة وإن كانت تبلغ غلة الرطبة يؤخذ منها قدر خراج أرض الرطبة هكذا؛ لأن مبنى الخراج على الطاقة... فدل الحديث على أن مبنى الخراج على الطاقة فيقدر بها فيما وراء الأشياء الثلاثة المذكورة في الخبر فيوضع على أرض الزعفران والبستان في أرض الخراج بقدر ما تطيق وقالوا: نهاية الطاقة قدر نصف الخارج لا يزاد عليه،

قال فى الدر: (وهو) أي الخراج (نوعان خراج مقاسمة إن كان الواجب بعض الخارج كالخمس ونحوه ، وخراج وظيفة إن كان الواجب شيئا في الذمة يتعلق بالتمكن من الانتفاع بالأرض كما وضع عمر ﷺ على السواد لكل جريب) هو ستون ذراعا في ستين بذراع كسرى سبع قبضات ، وقيل المعتبر في كل بلدة عرفهم ، وعرف مصر التقدير بالفدان فتح وعلى الأول المعول بحر (يبلغه الماء صاعا من بر أو شعير ودرهما) عطف على صاع من أجود النقود زيلعي (ولجريب الرطبة خمسة دراهم ولجريب الكرم أو النخل متصلة) قيد فيهما (ضعفها ولما سواه) مما ليس فيه توظيف عمر (كزعفران وبستان) هو كل أرض يحوطها حائط وفيها أشجار متفرقة يمكن الزرع تحتها فلو ملتفة أي متصلة لا يمكن زراعة أرضها فهو كرم (طاقته و) غاية الطاقة (نصف الخارج) لأن التنصيف عين الإنصاف (فلا يزد عليه) في إخراج المقاسمة ولا في الموظف على مقدار ما وظفه عمر رضي الله تعالى عنه ، وإن أطاقت على الصحيح كافي.

قال فى رد المحتار: قال الخير الرملي : خراج المقاسمة كالموظف مصرفا وكالعشر ما أخذ إلا فرق فيه بين الرطاب والزرع والكرم والنخل المتصل وغيره فيقسم الجميع على حسب ما تطيق الأرض من النصف ، أو الثلث ، أو الربع ، أو الخمس ، وقد تقرر أن خراج المقاسمة كالعشر لتعلقه بالخارج ، ولذا يتكرر بتكرر

মাসআলা:-২৭২

খারাজে ওজীফার সুরতে উৎপাদিত ফসল যদি নির্ধারিত পরিমাণ খারাজের দ্বিগুণ না হয়, তাহলে খারাজ কমিয়ে উৎপাদিত ফসলের অর্ধেক পরিমাণ নির্ধারণ করা ওয়াজিব। আর নির্ধারিত পরিমাণ আদায়ে সক্ষম হওয়া সত্ত্বেও খারাজে ওজীফা কমানো জায়েয আছে। [২৫১]

মাসআলা:-২৭৩

খারাজে মুকাসামা উৎপাদিত ফসলের অর্ধেকের বেশি নির্ধারণ করা জায়েয নেই। এমনিভাবে একপঞ্চমাংশের কমও নির্ধারণ করা উচিত নয়। তবে ফসল

الخارج في السنة وإنما يفارقه في المصرف فكل شيء يؤخذ منه العشر أو نصفه يؤخذ منه خراج المقاسمة ، وتجري الأحكام التي قررت في العشر وفاقا وخلافا . وقال ايضا: (قوله الرطبة) بالفتح والجمع الرطاب : وهي القثاء والخيار والبطيخ والباذنجان ، وما جرى مجراه والبقول غير الرطاب مثل الكراث شرنبلالية.

[২৫১]. قال فى الدر: وينقص مما وظف) عليها (إن لم تطق) بأن لم يبلغ الخارج ضعف الخراج الموظف فينقص إلى نصف الخارج وجوبا وجوازا عند الإطاقة ، وينبغي أن لا يزاد على النصف ولا ينقص عن الخمس حدادي ،

قال الشامى: (قوله وينبغي أن لا يزاد على النصف إلخ) هذا في خراج المقاسمة ولم يقيد به لانفهامه من التعبير بالنصف والخمس فإن خراج الوظيفة ليس فيه جزء معين تأمل . قال في النهر : وسكت عن خراج المقاسمة ، وهو إذا من الإمام عليهم بأراضيهم ورأى أن يضع عليهم جزءا من الخارج كنصف أو ثلث أو ربع ، فإنه يجوز ويكون حكمه حكم العشر ومن حكمه أن لا يزيد على النصف وينبغي أن لا ينقص عن الخمس قاله الحدادي ا هـ وبه علم أن قول الشارح : وينبغي مذكور في غير محله لأن الزيادة على النصف غير جائزة كما مر التصريح به في قوله ولا يزاد عليه وكأن عدم التنقيص عن الخمس غير منقول فذكره الحدادي بحثا ، لكن قال الخير الرملي : يجب أن يحمل على ما إذا كانت تطيق ، فلو كانت قليلة الريع كثيرة المؤن ينقص ، إذ يجب أن يتفاوت الواجب لتفاوت المؤنة كما في أرض العشر ثم قال : وفي الكافي : وليس للإمام أن يحول الخراج الموظف إلى خراج المقاسمة .

أقول : وكذلك عكسه فيما يظهر من تعليله ؛ لأنه قال لأن فيه نقض العهد وهو حرام .

উৎপাদনে খরচ যদি খুব বেশি হয়, সেক্ষেত্রে বিবেচনা সাপেক্ষে একপঞ্চমাংশের কমও নির্ধারণ করা যেতে পারে। (প্রাগুক্ত)

মাসআলা:-২৭৪

যে জমির উপর খারাজে মুকাসামা নির্ধারণ করা হয়েছে, তা পরিবর্তন করে খারাজে ওজীফা নির্ধারণ করা যাবে না। এমনিভাবে খারাজে ওজীফা পরিবর্তন করে খারাজে মুকাসামাও নির্ধারণ করা যাবে না। বিজয়ের পর শুরুতে যে জমিতে যে প্রকার খারাজ নির্ধারণ করা হয়েছে, সেই জমির উপর সেই প্রকারের খারাজই সব সময় বহাল থাকবে। (প্রাগুক্ত)

মাসআলা:-২৭৫

জমি যদি পানিতে তলিয়ে যাওয়ার কারণে, কিংবা জমিতে পানি না পৌঁছার কারণে, চাষাবাদ করা সম্ভব না হয়, তাহলে খারাজে মুকাসামা ও ওজীফা কোনোটাই ওয়াজিব হবে না। এমনিভাবে ফসল যদি পুড়ে যায়, ডুবে যায় বা বেশি ঠান্ডা, ঝড়, বৃষ্টি, শীলাবর্ষণ ও এজাতীয় অন্যান্য আসমানী বালামুসিবতের কারণে ফসল নষ্ট হয়ে যায়, তখনও খারাজ দিতে হবে না। তবে যদি বছরের এই পরিমাণ সময় বাকি থাকে যেসময়ে পুনরায় ফসল করা সম্ভব (যেমন তিন মাস) সেক্ষেত্রে খারাজ ওয়াজিব হবে। [২৫২]

মাসআলা:-২৭৬

আসমানী বালামুসিবত ব্যতীত অন্যকোনো সমস্যার কারণে যদি ফসল নষ্ট হয়ে যায়, যেমন: গরু-ছাগল, হাঁস-মুরগি, বানর কিংবা এজাতীয় অন্যকোনো প্রাণী যদি ফসল নষ্ট করে ফেলে যা থেকে প্রকৃতপক্ষে বাঁচা সম্ভবপর ছিল, সেক্ষেত্রে খারাজ মাফ হবে না। এমনিভাবে ফসল কেটে আনার পর যদি তা নিজের

---

[২৫২] . **قال فى الدر المختار:** ولا خراج إن غلب الماء على أرضه أو انقطع) الماء (أو أصاب الزرع آفة سماوية كغرق وحرق وشدة برد) إلا إذا بقي من السنة ما يمكن الزرع فيه ثانيا. قال الشامى: (قوله ولا خراج إلخ) أي خراج الوظيفة وكذا خراج المقاسمة والعشر بالأولى لتعلق الواجب بعين الخارج فيهما ومثل الزرع الرطبة والكرم ونحوهما خيرية (قوله ما يمكن الزرع فيه ثانيا) قال في الكبرى والفتوى أنه مقدر بثلاثة أشهر نهر.

অবহেলা বশত নষ্ট হয়ে যায়, তখনও খারাজ মাফ হবে না। বরং খারাজ আদায় করতে হবে ।

উল্লেখ্য, ইঁদুর, পোকামাকড় কিংবা ঘাসফড়িং এর প্রাদুর্ভাবের কারণে যদি ফসল নষ্ট হয়ে যায়, সেক্ষেত্রে খারাজ ওয়াজিব হবে না। কারণ, এগুলোর উৎপাত থেকে বাঁচা এক রকম অসম্ভব ব্যাপার।

আরো উল্লেখ্য, খারাজে মুকাসামা এবং উশর এর সম্পর্ক যেহেতু মৌলিকভাবে সরাসরি উৎপাদিত ফসলের সাথে, তাই নিজের পক্ষ থেকে সীমালঙ্ঘন ছাড়া যদি ফসল নষ্ট হয়ে যায়, তাহলে উশর ও খারাজে মুকাসামা কোনোটাই ওয়াজিব হবে না (এই সুরতে খারাজে ওজীফাও ওয়াজিব হবে না)। আর সীমালঙ্ঘন কিংবা অবহেলার কারণে যদি ফসল নষ্ট হয়, সেক্ষেত্রে খারাজে মুকাসামার সুরতে যদিও খারাজ আদায় সম্ভব নয়, তবে ইসলামী হুকুমত তার অবহেলার কারণে তার ব্যাপারে যোথোচিত পদক্ষেপ গ্রহণ করবে। আর খারাজে ওজীফার ক্ষেত্রে তার থেকে নির্ধারিত খারাজ আদায় করে নিবে। [২৫৩]

---

[২৫৩]. **قال فى الدر:** (أَمَّا إذَا كَانَتْ الْآفَةُ غَيْرَ سَمَاوِيَّةٍ) وَيُمْكِنُ الِاحْتِرَازُ عَنْهَا (كَأَكْلِ قِرَدَةٍ وَسِبَاعٍ وَنَحْوِهِمَا) كَأَنْعَامٍ وَفَأْرٍ وَدُودَةِ بَحْرٍ (أَوْ هَلَكَ) الْخَارِجُ (بَعْدَ الْحَصَادِ لَا) يَسْقُطُ وَقَبْلَهُ يَسْقُطُ.

قال الشامى: (قَوْلُهُ وَيُمْكِنُ احْتِرَازٌ عَنْهَا) خَرَجَ مَا لَا يُمْكِنُ كَالْجَرَادِ كَمَا فِي الْبَزَّازِيَّةِ (قَوْلُهُ كَأَنْعَامٍ) وَكَقِرَدَةٍ وَسِبَاعٍ وَنَحْوِ ذَلِكَ بَحْرٌ (قَوْلُهُ وَفَأْرٍ وَدُودَةٍ) عِبَارَةُ وَمِنْهُ يُعْلَمُ أَنَّ الدُّودَةَ وَالْفَأْرَةَ إذَا أَكَلَا الزَّرْعَ لَا يَسْقُطُ الْخَرَاجُ .

قُلْت : لَا شَكَّ أَنَّهُمَا مِثْلُ الْجَرَادِ فِي عَدَمِ إمْكَانِ الدَّفْعِ ، وَفِي النَّهْرِ لَا يَنْبَغِي التَّرَدُّدُ فِي كَوْنِ الدُّودَةِ آفَةً سَمَاوِيَّةً ، وَأَنَّهُ لَا يُمْكِنُ الِاحْتِرَازُ عَنْهَا .

قَالَ الْخَيْرُ الرَّمْلِيُّ : وَأَقُولُ إنْ كَانَ كَثِيرًا غَالِبًا لَا يُمْكِنُ دَفْعُهُ بِحِيلَةٍ يَجِبُ أَنْ يَسْقُطَ بِهِ ، وَإِنْ أَمْكَنَ دَفْعُهُ لَا يَسْقُطُ هَذَا هُوَ الْمُتَعَيِّنُ لِلصَّوَابِ (قَوْلُهُ أَوْ هَلَكَ الْخَارِجُ بَعْدَ الْحَصَادِ) مَفْهُومُهُ أَنَّهُ لَوْ هَلَكَ قَبْلَهُ يَسْقُطُ الْخَرَاجُ لَكِنْ يُخَالِفُهُ التَّفْصِيلُ الْمَذْكُورُ فِيمَا لَوْ أَصَابَ الزَّرْعَ آفَةٌ فَإِنَّ الزَّرْعَ اسْمٌ لِلْقَائِمِ فِي أَرْضِهِ ، فَحَيْثُ وَجَبَ الْخَرَاجُ بِهَلَاكِهِ بِآفَةٍ يُمْكِنُ الِاحْتِرَازُ عَنْهَا عُلِمَ أَنَّهُ يَجِبُ قَبْلَ الْحَصَادِ إلَّا أَنْ يُحْمَلَ الْهَلَاكُ هُنَا عَلَى مَا إذَا كَانَ بِمَا لَا يُمْكِنُ الِاحْتِرَازُ عَنْهُ فَتَنْدَفِعُ الْمُخَالَفَةُ ... (قوله وقبله يسقط) أي إلا إذا بقي من السنة ما يتمكن فيه من الزراعة كما يؤخذ مما سلف ط .

মাসআলা:-২৭৭

খারাজে ওজীফার সুরতে যদি প্রাকৃতিক দূর্যোগাক্রান্ত হয়ে কিয়দাংশ ফসল নষ্ট হয়, আর কিয়দাংশ রয়ে যায়, সেক্ষেত্রে রয়ে যাওয়া ফসল থেকে হিসাব করে খরচ বাদ দিতে হবে। খরচ বাদ দেওয়ার পর যা থাকবে, তা যদি নির্ধারিত খারাজের দ্বিগুণ পরিমাণ বা তার চেয়ে বেশি হয়, তাহলে নির্ধারিত খারাজ আদায় করতে হবে। আর যদি নির্ধারিত খারাজের চেয়ে কম থাকে, তাহলে খরচ বাদ দেওয়ার পর যা থাকবে তার অর্ধেক খারাজ বাবদ আদায় করতে হবে। [২৫৪]

মাসআলা:-২৭৮

চাষাবাদ উপযুক্ত জমিকে যদি চাষ না করে ফেলে রাখে, আর খারাজ যদি খারাজে ওজীফা হয়, সেক্ষেত্রে বাৎসরিক নির্ধারিত খারাজ দিতে হবে। এমনিভাবে খারাজী জমির মধ্যে এমন এক খণ্ড জমি আছে, যা চাষের উপযুক্ত নয় বটে কিন্তু চেষ্টা করলেই সেটাকে চাষের উপযুক্ত বানানো সম্ভব। সেক্ষেত্রে

قال الخير الرملي : ولو هلك الخارج في خراج المقاسمة قبل الحصاد أو بعده فلا شيء عليه لتعلقه بالخارج حقيقة ، وحكمه حكم الشريك شركة الملك فلا يضمن إلا بالتعدي ، فاعلم ذلك فإنه مهم ويكثر وقوعه في بلادنا وفي الخانية ما هو صريح في سقوطه في حصة رب الأرض بعد الحصاد ووجوبه عليه في حصة الأكار معللا بأن الأرض في حصته بمنزلة المستأجرة .

[২৫৪]. **قال فى الدر:** ولو هلك بعضه إن فضل عما أنفق شيء أخذ منه مقدار ما بينا مصنف سراج وتمامه في الشرنبلالي معزيا للبحر .

قال الشامى: (قوله إن فضل عما أنفق) ينبغي أن يلحق بالنفقة على الزرع ما يأخذه الأعراب وحكام السياسة ظلما كما يعلم مما قدمناه (قوله أخذ منه مقدار ما بينا) أي إن بقي ضعف الخراج كدرهمين وصاعين ، يجب الخراج ، وإن بقي أقل من مقدار الخراج يجب نصفه وأشار الشارح إلى هذا بقوله ، وتمامه في الشرنبلالي فإنه مذكور فيها أفاده ح .

অবহেলা/অলসতা বশত ঐ জমিকে চাষের উপযুক্ত না করলে, ঐ জমিরও খারাজ দিতে হবে। [২৫৫]

মাসআলা:-২৭৯

কোনো মুসলিম যদি জিম্মী কাফের থেকে খারাজী জমি ক্রয় করে, তাহলে ক্রয়ের পর থেকে ঐ জমির উপর নির্ধারিত খারাজ মুসলিমকেই পরিশোধ করতে হবে। মুসলিম খারাজী জমি ক্রয় করায়, খারাজ উশরে পরিবর্তিত হবে না। (প্রাগুক্ত)

মাসআলা:-২৮০

ফসল ফলানোর উপযুক্ত খারাজী জমিকে যদি গোরস্থান বানায় কিংবা তাতে যদি ফসল রাখার ঘর অথবা বসবাসের বাড়ি বানায়, তাহলে খারাজ মওকুফ হয়ে যাবে। সেক্ষেত্রে নির্ধারিত খারাজ দিতে হবে না। [২৫৬]

মাসআলা:-২৮১

কারো পক্ষ থেকে বাঁধাবিপত্তির কারণে যদি জমি চাষাবাদ করা সম্ভব না হয়, তাহলে খারাজ ওয়াজিব হবে না। আর বাঁধা ছাড়াই যদি স্বেচ্ছায় অলসতা বশত

---

[২৫৫]. **قال فى الدر:** (فإن عطلها صاحبها وكان خراجها موظفا أو أسلم) صاحبها (أو اشترى مسلم) من ذمي (أرض خراج) يجب الخراج.

قال الشامى: (قوله فإن عطلها صاحبها) أي عطل الأرض الصالحة للزراعة در منتقى .

قلت : في الخانية : له في أرض الخراج أرض سبخة لا تصلح للزراعة أو لا يصلها الماء ، إن أمكنه إصلاحها ولم يصلح فعليه الخراج إلا فلا . (قوله يجب الخراج) أما في التعطيل فلأن التقصير جاء من جهته ، وأما فيما بعده فلأن الخراج فيه معنى المؤنة فأمكن إبقاؤه على المسلم ، وقد صح أن الصحابة اشتروا أراضي الخراج وكانوا يؤدون خراجها وتمامه في الفتح

[২৫৬]. **قال فى رد المحتار:** قلت : ويستثنى من التعطيل ما ذكره في الإسعاف في فصل أحكام المقابر والربط لو جعل أرضه مقبرة أو خانا للغلة أو مسكنا سقط الخراج عنه ، وقيل لا يسقط والصحيح هو الأول وعليه مشى في المنظومة المحبية .

চাষাবাদ না করে, সেক্ষেত্রে খারাজে মুকাসামা ওয়াজিব হয় না। তবে খারাজে ওজীফা ওয়াজিব হয়। [২৫৭]

মাসআলা:-২৮২

খারাজী জমির মালিক যদি খরচের ব্যবস্থা করতে না পারায়, কিংবা চাষের আসবাবপত্র না থাকায়, অথবা অন্যকোনো গ্রহণযোগ্য কারণে জমি চাষে অপারগ হয়ে যায়, তাহলে ইসলামী হুকুমত তার জমির ক্ষেত্রে নিম্নোক্ত পদক্ষেপগুলোর যেকোনো একটি গ্রহণ করতে পারবে:

১. তার জমি মুযারাআ (বর্গা) এর ভিত্তিতে অন্য কাউকে দিয়ে দিবে। মালিকের প্রাপ্ত অংশ থেকে খারাজ নিয়ে নিবে।

২. অন্যের কাছে ভাড়ায় দিবে । প্রাপ্ত ভাড়া থেকে খারাজ আদায় করে নিবে।

